

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১০২/২০১৬

অভিযোগকারী : মাও: ক্বারী মোঃ ইলিয়াছ
পিতা-ক্বারী হাসমত আলী
গ্রাম-+পোঃ-মেছেরা
থানা-হোসেনপুর, জেলা-কিশোরগঞ্জ।

প্রতিপক্ষ : জনাব মোমেনা আক্তার
সহকারী কমিশনার
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ১৫-০৬-২০১৬ ইং)

অভিযোগকারী ২৯-১০-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোমেনা আক্তার, সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

মহামান্য হাইকোর্ট রিট মামলা নং-৩৮৫৫/১৩ এর আদেশ বাস্তবায়নের প্রকৃতির জলাধার সংরক্ষণ আইন ২০০০ ও পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ এর বিধান অনুসারে বগারা খালে অবৈধ দখলদারগণকে উচ্ছেদ করে পুকুরসমূহ অপসারণ করার জন্য সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রসঙ্গে জেলা প্রশাসক কিশোরগঞ্জ বরাবরে ০৪-১০-২০১৫ তারিখে আবেদন করা হয় যার ডায়রি নং ২৪৫৬ তাং-০৫-১০-২০১৫ ইং। উক্ত দরখাস্তের কোন আদেশ হয়েছে কিনা, হয়ে থাকলে তার ফটোকপি।

- ২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৪-১২-২০১৫ তারিখে বিভাগীয় কমিশনার ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), ঢাকা বিভাগ, ঢাকা বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পর আপীল কর্তৃপক্ষ আপীল শুনানীর দিন ধার্য করেন। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী রাস্তায় জ্যামের কারণে যথাসময়ে পৌছাতে না পারায় আপীল আবেদনটি নথিভুক্ত করা হয়। পরবর্তীতে কোন প্রতিকার না পেয়ে অভিযোগকারী ০৫-০৪-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। ২৫-০৫-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ১৫-০৬--২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়। অদ্য ১৫-০৬--২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির।
- ৪। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে রেজিস্ট্রি ডাকযোগে আবেদন করেন। কিন্তু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা স্মারক নং ০৫. ৪১.৪৮০০.০১৬.০৩.০০৭. ১৪-১৭৬ তারিখ- ১২/১১/২০১৫ মারফত পুনরায় তথ্য প্রাপ্তির আবেদন করার নির্দেশ প্রদান করায় সংক্ষুব্ধ হয়ে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার শাস্তি দাবী করেন।
- ৫। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর তথ্য প্রাপ্তির আবেদনপত্র জেলা প্রশাসক, কিশোরগঞ্জ এর কার্যালয়ে পত্র গ্রহণ শাখায় যথাযথভাবে নথিভুক্ত না থাকায় অভিযোগকারীকে পুনরায় তথ্য প্রাপ্তির আবেদন করার অনুরোধ করা হয়। তিনি আরো উল্লেখ করেন যে, তথ্য কমিশন থেকে তথ্য প্রাপ্তির আবেদনপত্রের ফটোকপি পেলেও অভিযোগকারীর প্রার্থীত তথ্যাদি সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করেন। এজন্য তিনি কমিশনের নিকট সময় প্রার্থনা করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট প্রার্থনা করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থিত তথ্যাদি সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ০৭ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোমেনা আক্তার, সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র দেওয়ার জন্যও নির্দেশনা দেওয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার